দৈনিক ইত্তেফাক

10 MAR 2008




রবিবার কেন্দ্রীয় শহীদ মিনারে অভিভাবক ফোরাম এসএসসি-২০১০-এ কাঠামোবদ্ধ প্রশ্ন স্থগিত করার দাবিতে অবস্থান ধর্মঘট পালন করে —ইত্তেফাক

# তিন দিনের মধ্যে বাতিল না করলে কঠোর কর্মসূচি

## প্রসঙ্গ ঃ কাঠামোবদ্ধ প্রশ্নপত্র

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি বাতিলের দাবি জানিয়ে অভিভাবক ফোরামের নেতৃবৃন্দ বলেছেন, শিক্ষকদের প্রশিক্ষণ ও পাঠ্যপুস্তকে বিস্তারিত বিবরণ না দিয়ে শিক্ষার্থীদের জীবন নষ্ট করা যাবে না। পূর্ণ প্রস্তুতির পর এ পদ্ধতি বাস্তবায়নে অভিভাবক ফোরাম সরকারকে সহযোগিতা করবে।

রবিবার রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে আয়োজিত অবস্থান ধর্মঘট ও বিক্ষোভ কর্মসূচিতে নেতৃবৃন্দ এ কথা বলেন।

নেতৃবৃন্দ বলেন, শিক্ষাবর্ষের তিন মাস চলে যাচ্ছে অথচ প্রশিক্ষণের অভাবে প্রতিষ্ঠানে শিক্ষকরা ক্লাস নিতে পারছেন না। পাঠ্যপুস্তকেও বিস্তারিত বিবরণ পাওয়া যাচ্ছে না। এ অবস্থায় ৬ লাখ শিক্ষার্থীর শিক্ষাজীবন নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। এ অবস্থা চলতে দেয়া যায় না। বক্তারা আরো বলেন, আগামী তিনদিনের মধ্যে এ পদ্ধতি বাতিল ঘোষণা না করলে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে একসঙ্গে কঠোর কর্মসূচি দিয়ে সরকারকে এ পদ্ধতি বাতিলে বাধ্য করা হবে।

অভিভাবক ফোরামের আহবায়ক এ্যাডভোকেট আবেদ রাজার সভাপতিত্বে কর্মসূচিতে উৎপলা ভট্টাচার্য, রায়হান রহমান, শাকিলা সুলতানা, মাহবুব হোসাইন, জাহেদা আবেদ প্রমুখ বক্তব্য রাখেন।